মির্জাকান্দী-আড়ুয়াকান্দী উচ্চ বিদ্যালয়।
EIIN NO: 108839
মধুখালী, ফরিদপুর।

সংক্ষিপ্ত বর্ননা: অত্র বিদ্যালয়টি গোপালগঞ্জ ও মাদারীপুর আঞ্চলিক মহাসড়ক সংলগ্ন পূর্বপার্শ্বে অবস্থিত। বিদ্যালয়টি ১৯৯৫ সালে একটি মনোরম পরিবেশে স্থাপিত হয়ে দক্ষ শিক্ষক মন্ডলীর দ্বারা সুনামের সহিত পরিচালিত হয়ে আসছে। বিদ্যালয়টি বর্তমানে ১৩ জন শিক্ষক ০১ জন অফিস সহকারী ও ০৪ জন ৪র্থ শ্রেনী কর্মচারী আছে। বিদ্যালয়টি মধুখালী উপজেলা হতে ১১ কি: মি: পূর্বে মাদারীপুর মহাসড়ক হতে দক্ষিনে ০১ কি: মি: দুরে আঞ্চলিক মহাসড়ক সংলগ্ন আড়ুয়াকান্দী গ্রামে অবস্থিত। বিদ্যালয়টিকে শিক্ষকগন সবসময় নিজের মনে করে চলেন। বিদ্যালয়টি যে ইউনিয়নে অবস্থিত ইউনিয়নটি মুখী জাহাপুর ইউনিয়ন এবং যে গ্রাম নিয়ে সংযুক্ত গ্রামটি আদর্শ মির্জাকান্দী গ্রাম। বিদ্যালয়টির কোড নং: ৫২৫৭, থানা কোড ২১৫, জেলা কোড: ২৬. বর্তমানে ছাত্র/ছাত্রী সংখ্যা ২১০ জন। বিদ্যালয়টির মোট জমির পরিমান ১০০ শতক। ১ তলা ০৩ রুম বিশিষ্ট একটি ভবন। ওয়ালকরা টিন শেড বিশিষ্ট ০৩ রুমের ঘর ও ২টি টিনের ঘর আছে। বিল্ডিংটি পূর্ব পার্শ্বে, ওয়ালঘর দক্ষিনে টিনশেড ঘর। পশ্চিম ও উত্তরে মাঝে একটি ফুটবল খেলার মাঠ আছে। মাঠের উত্তরে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে। বিদ্যালয়টির পূর্বপার্শ্বে একটি বিস্তীর্ন ফসলের মাঠ আছে। সব কিছু মিলে বিদ্যালয়টি মনোরম পরিবেশে অবস্থিত।